



Delhi Public School, Howrah

HALF-YEARLY EXAMINATION (2024-2025)

Class- VII

Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.

SUBJECT: 3RD LANGUAGE – BENGALI

Time:-1 ½ Hours

F.M.-40

১) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখো:

(১×৫=৫)

অনেকদিন আগের কথা। পাটনার কাছে রাজগীর নামে তখন এক বিরাট নগর ছিল। রাজগীর ছিল মগধ রাজ্যের রাজধানী। পাঁচটি পাহাড় দিয়ে নগরটি ঘেরা। পাহাড়ের পিছনেই ছিল বনে। সেই বনে এক হাজার হরিণ বাস করত।

হরিণের দল থাকলে একজন দলপতিও থাকবে। এখানকার হাজার হরিণেরও একজন দলপতি ছিল। দলপতির বয়স হয়েছিল, দলের সবাইকে নিজে আর ভালোভাবে দেখাশোনা করতে পারে না। সব হরিণকে সে দুটি দলে ভাগ করল।

তারপর নিজের দুই ছেলেকে ডেকে বলল- এই এক হাজার হরিণের দুটি দল করলাম। এক এক দলে পাঁচশো হরিণ। এদের দেখাশোনা করার ভার রইল তোমাদের একেক জনের ওপর। দুই ছেলের দু'দল হরিণ। নিজ নিজ দল নিয়ে বনে বনে তারা চড়ে বেড়ায়।

ক) রাজগীর কোথাকার রাজধানী?

খ) রাজগীরের চারদিকে কী ছিল?

গ) বনে কত হরিণ বাস করত?

ঘ) দলপতি কেন হরিণকে দুটি দলে ভাগ করল?

ঙ) বাক্য রচনা কর: দেখাশোনা

২) নীচের ছবিটি দেখে তোমার মনে যে ভাব ফুটে উঠেছে, তা ছয়টি বাক্যে লেখো:

(৩)



৩) অনুচ্ছেদ রচনা কর:(দশটি বাক্যে)

(৫)

তোমার প্রিয় শিক্ষক বা শিক্ষিকা

৪) সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:

(০.৫×৪=২)

ক) 'আসল কথা' কবিতায় আসলে এখানে (দুটি/ একটি/ তিনটি) মেয়ের কথা বলা হয়েছে।

খ) হুঁদুরছানাটি কোথা থেকে মাটিতে পড়েছিল? (কাকের মুখ থেকে/ আকাশ থেকে/ গাছ থেকে)

গ) বন কত লম্বা ছিল? (সাতশো পা/তিনশো পা/একশো পা)

ঘ) ঝোপঝাড় থেকে উঁকি মারবে (একশেয়াল/ হুঁদুর/ রাক্ষসেরা)

৫) অর্থ লেখ:

(১×৪=৪)

ক) ছিচকাঁদুনে

খ) যোগ্য

গ) দুর্দান্ত

ঘ) কাবার

৬) বাক্য রচনা কর:

(১×৩=৩)

ক) উঁকি

খ) দয়া

গ) জ্বলছে

৭) 'ক' বিভাগের সাথে 'খ' বিভাগ মেলাও:

(০.৫×৬=৩)

বিভাগ-ক

বিভাগ-খ

ক) সত্যি

অ) অপকার

খ) শুরু

আ) আধুনিককাল

গ) আঁকাবাঁকা

ই) রাত্রি

ঘ) দিন

ঈ) সোজাসুজি

ঙ) পুরাকাল

উ) শেষ

চ) উপকার

ঊ) মিথ্যা

৮) নীচের বাক্যগুলি সাজিয়ে লেখো:

(১×২=২)

ক) বৃষ্টির আর খেতে ভাজা খিচুড়ি আমার দিনে ভালো পাপড় লাগে।

খ) আমার নতুন হয়েছে অনেক দুর্গাপূজায় জামা।

৯) একটি বাক্যে উত্তর লেখো:

(১×৪=৪)

ক) ছোট ছেলেটির হাতে কোন অস্ত্র থাকবে?

খ) 'দৌড়ে আগে প্রাণ বাঁচে না ভাই।' - কে কাকে কখন একথা বলেছিল?

গ) খেকশেয়াল আর একশেয়ালের মধ্যে পার্থক্য লেখো।

ঘ) ময়ূরের বৈশিষ্ট্য কী?

১০) চেনো আমি কে?

(১×৩=৩)

ক) সত্যিই আমি কী বোকা।

খ) আমি খুব দয়ালু, তাই হুঁদুরছানাকে পুষেছিলাম।

গ) শিংগুলি সব আঁকাবাঁকা গায়েতে দাগ চাকা চাকা।

১১) নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো: [যেকোনো তিনটি]

(২×৩=৬)

ক) বনবাসী হয়ে ছোট্ট শিশুটি কেমন করে তাদের ঘর সাজাবে?

খ) বাঘ কেন মুনিকে মারতে চাইল?

গ) কবি চরকিবাজির সঙ্গে হিংসা আর আদরকে তুলনা করেছেন কেন?

ঘ) 'মুনি আর হুঁদুর' গল্পটি থেকে তোমরা কী শিক্ষা লাভ করেছ?